# উপজেলা পরিষদ
## করিমগঞ্জ, কিশোরগঞ্জ

করিমগঞ্জ উপজেলা পরিষদ নভেম্বর/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ হান্নান মোল্লা
প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, করিমগঞ্জ, কিশোরগঞ্জ
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, করিমগঞ্জ, কিশোরগঞ্জ
সভার তারিখ : ২৭/১১/২০২৩খ্রি.
সভার সময় : সকাল ১১.৩০টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" এবং অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"তে প্রদর্শিত হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্য ও কর্মকর্তাগণকে স্বাগত জানান। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। সভায় বিগত সভার কার্যপত্র পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। সকল বিভাগীয় আলোচনা এবং স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীর সুপারিশসমূহ বাস্তবায়নকল্পে বিস্তারিত আলোচনা হয়।

বিভাগীয় কার্যক্রম পর্যালোচনা :

| ক্রমিক নং | বিভাগ/স্থায়ী কমিটির নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। শীতকালে কৃষকের গাভী গরুর কৃমি ও পুষ্টিহীনতা দেখা দেয়। প্রতিটি ইউনিয়ন পরিষদে ব্যপক প্রচারের মাধ্যমে বিনামূল্যে কৃমিনাশক ও ডিবি পাউডার বিতরণ করা হলে খামারী ও কৃষকগণ উপকৃত হবে। সরকারী ভাবে পর্যাপ্ত বরাদ্দ না থাকায় উপজেলা পরিষদের অর্থায়নে প্রকল্প গ্রহণ করার জন্য অনুরোধ জানান। উপজেলা প্রাণিসম্পদ অফিসের সকল কার্যক্রম সফল করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | কর্তৃপক্ষ বরাবর চাহিদা পত্র প্রেরণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদের অর্থায়নে প্রকল্প গ্রহনের লক্ষে স্থায়ী কমিটির সভায় উপস্থাপন করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্প কর্মকতা, করিমগঞ্জ |
| ০২ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, মৎস্য দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। নভেম্বর হতে জুন পর্যন্ত জাটকা ইলিশ মাছ ধরা, পরিবহণ, ক্রয়-বিক্রয় সম্পূর্ণরূপে নিষেধ। করিমগঞ্জ উপজেলায় কোথাও যেন জাটকা ক্রয়-বিক্রয় না হয় সেজন্য মৎস্য অধিদপ্তর ব্যপক প্রচার প্রচারনার পাশাপাশি নিয়মিত বাজার মনিটরিং করে যাচ্ছে। তাছাড়া নভেম্বর/২০২৩ মাসে ৪০ জন মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উপজেলা মৎস্য অফিসের সকল কার্যক্রম সফল করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, করিমগঞ্জ |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। কৃষি প্রনোদনা কর্মসূচির আওতায় কৃষি উপকরন বিতরণ চলমান আছে। আগামী ২৯/১১/২০২৩খ্রি. তারিখের মধ্যে উপকরন বিতরণ সমাপ্ত হবে। ২০২৩-২৪ অর্থ বছরে ৪৩৯৫ জন কৃষককে রবি ফসলের জন্য বীজ ও সার সহায়তা দেওয়ার হয়েছে এবং ৩৫০০ জন কৃষককে হাইব্রিড বীজ ও ৩৯০০ জন কৃষককে উফসী বীজ ও সার বিতরণের জন্য অন্তর্ভূক্ত করা হয়েছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়। এছাড়া ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি বিভাগের মাঠ পর্যায়ের দাপ্তরিক কার্যক্রম নিয়মিত ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কৃষি সেবা কার্যক্রম গতিশীল রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ১। প্রনোদনা বিতরণের স্বচ্ছতার সহিত প্রকৃত কৃষকদেরকে অন্তভূক্ত করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, করিমগঞ্জ |
| ০৪. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও এর অন্তর্ভূক্ত সকল সেবাদান প্রতিষ্ঠান সমূহে স্বাস্থ্য সেবা কার্যক্রম নিয়মিত ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে। জরুরি বিভাগ, বহিঃবিভাগ ও আন্তবিভাগে রোগীদের সেবা কার্যক্রম চলমান আছে। প্যাথলজি, আল্ট্রাসনোগ্রাম, ইসিজি, এক্সরে, সিজারিয়ান সেকশান এবং এ্যাম্বুলেন্স সেবা চলমান আছে। স্কুল পর্যায়ে মেয়েদের জরায়ু ক্যান্সার প্রতিরোধক ভ্যাক্সিনেশন কার্যক্রম শুরু হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান হতে স্কুল পর্যায়ে ছাত্রীদের তালিকা পাওয়া গিয়াছে। যদি কোন ছাত্রী রেজিস্ট্রেশন না করে থাকে জরুরী ভিত্তিতে রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ করেন। উক্ত ভ্যাক্সিনেশন কার্যক্রম ইপিআই এর মাধ্যমে তা বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত কার্যক্রম গতিশীল রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। জরায়ু ক্যান্সার প্রতিরোধক ভ্যাক্সিনেশন কার্যক্রম গ্রাম পর্যায়ে প্রচারনার ও রেজিস্ট্রেশন করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা<br>২। চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ, করিমগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কাজ ভালভাবে চলছে। তিনি সভায় এ উপজেলায় পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর একটি তথ্য উপস্থাপন করেন। তন্মধ্যে খাবার বড়ি লক্ষ্যমাত্রার হার ৬৩%, কনডম লক্ষ্যমাত্রার হার ৫৪%, ইঞ্জেকশন লক্ষ্যমাত্রার হার ৪২%, আইইউডি লক্ষ্যমাত্রার হার ৩৯%, ইমপ্লান্ট লক্ষ্যমাত্রার হার ১৬৩%, স্থায়ী পদ্ধতি লক্ষ্যমাত্রার হার ৬০%। অক্টোবর/২০২৩ মাসে সেবা গ্রহীতার হার ৭৮.১৩%। উপজেলার সক্ষম দম্পতির সংখ্যা ৪৩৭৪৭ জন। পরিবার পরিকল্পনা কার্যক্রম গতিশীল রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | এধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা করিমগঞ্জ |
| ০৬. | উপজেলা প্রকৌশলী করিমগঞ্জ | উপজেলা প্রকৌশলী, করিমগঞ্জ সভায় জানান যে, ত্রাণ মন্ত্রণালয়ের অর্থায়নে বারঘড়িয়া ইউনিয়নের ভূষারকান্দা গ্রামের ব্রীজটির এপ্রোচ জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন। যেকোন সময় ব্রীজটি ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা রয়েছে। বিষটি উপজেলা নির্বাহী অফিসার মহোতয়ের মাধ্যমে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। বর্তমানে গ্রামে মৎস্য চাষের লক্ষ্যে রাস্তার পার্শ্বে কৃষি জমিতে নতুন পুকুর খনন করা হয়। পুকুরে মাছ চাষের ফলে পার্শ্ববর্তী রাস্তা ভেঙ্গে পুকুরে পড়ে যাওয়ায় রাস্তাটি ক্ষতিগ্রস্থ হয়। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক রাস্তা হতে পুকুরের পাড় কমপক্ষে ১০ ফিট দুরুত্ব রেখে পুকুর খননের নির্দেশনা দেওয়ার জন্য স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তাছাড়া সকল দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ও গতিশীল রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বারঘড়িয়া ইউনিয়নের ভূষারকান্দা গ্রামের ব্রীজটি জরুরী ভিত্তিতে পরিদর্শন করে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। কৃষি জমির শ্রেণী পরিবর্তন করে নতুন পুকুর খনন বন্ধে জনসচেতনতা সৃষ্টির জন্য ইউপি চেয়ারম্যানদের নির্দেশনা দেওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী করিমগঞ্জ<br>২। চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ, করিমগঞ্জ |
| ০৭. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহাকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের চলমান কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ২০২২-২৩ অর্থবছরের করিমগঞ্জ উপজেলা জন্য বরাদ্দকৃত টয়লেট এবং টিউবওয়েলের তালিকা উপজেলা ওয়াটসন কমিটির সভায় অনুমোদিত তালিকা মোতাবেক ঠিকাদার কর্তৃক প্রকল্প বাস্তবায়ন কাজ চলমান আছে। প্রকল্পকাজ যথাযত ভাবে বাস্তবায়নের জন্য সকল ইউপি চেয়ারম্যানগনের সহযোগিতা কামনা করেন। তাছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | উপজেলা ওয়াটসন কমিটির সভায় অনুমোদন তালিকা মোতাবেক দ্রুত বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহাকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অধিদপ্তর করিমগঞ্জ |
| ০৮. | মহিলা ও শিশু বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, আগামী ৯ ডিসেম্বর/২০২৩ তারিখ "বেগম রোকেয়া দিবস" উদযাপন করা হবে। উপজেলা প্রশাসনের সহযোগিতায় উক্ত দিবসটি যথাযথভাবে বাস্তবায়ন করা হবে। উক্ত অনুষ্ঠানের সকলের উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। পুরাতন কোর্ট বিল্ডিং এর বরাদ্দকৃত রুমে মহিলা বিষয়ক অফিসের বাথরুমটি ব্যবহার অনুপযোগি হয়ে গিয়াছে। বাথরুমের ভিতরে গাছের শিকড় প্রবেশ করে ওয়ালে ফেটে গিয়ে আস্তর পড়ে গিয়াছে। প্রায়সময় সাপ প্রবেশ করে। জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া মহিলা বিষয়কের দপ্তর থেকে মা ও শিশু এবং VWB সকল ভাতাভোগীদের নিয়ে বাল্য বিবাহ, যৌতুক ও সচেতনতা, নারী নির্যাতন, যৌন হয়রানি, মানব পাচার প্রতিরোধে বিষয়ে ইউনিয়ন পর্যায়ে আলোচনা সভা ও উঠান বৈঠক করা হচ্ছে। তাছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | আগামী ৯ ডিসেম্বর/২০২৩ তারিখ "বেগম রোকেয়া দিবস" উদযাপন উপলক্ষে উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা/ কর্মচারীদের উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা করিমগঞ্জ |
| ০৯. | উপজেলা তথ্যসেবা বিভাগ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর-২০২৩ মাসে তথ্যকেন্দ্র হতে ৬৭২ জনকে সেবাগ্রহীতাকে সেবা প্রদান করা হয়েছে। উঠান বৈঠকের মাধ্যমে ১০০ জন গ্রামীণ নারীদেরকে প্রশিক্ষন দেওয়া হয়েছে। তথ্য কেন্দ্র হতে সরাসরি এসে ৫১ জন সেবা গ্রহণ করেছে। এছাড়া তথ্যকেন্দ্রের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | এধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, করিমগঞ্জ |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন/২০২৪ উপলক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের নিরাপত্তা জোরদার করার জন্য মাউশি হতে প্রাপ্ত পত্রটি সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করা হয়েছে। সুষ্ঠু ও সুন্দরভাবে সরকারি নির্দেশনা মেনে ৬ষ্ট ও ৭ম শ্রেণির বার্ষিক সামষ্টিক মূল্যায়ন কাজ চলমান আছে। তাছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | এধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, প্রাথমিক শিক্ষা বিভাগের স্বাভাবিক কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। ২য় শ্রেণি হতে ৫ম শ্রেণির শিক্ষার্থীদের তৃতীয় প্রান্তিকের মূল্যায়ন কার্যক্রম চলমান। আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে মূল্যায়ন কাজ শেষ হবে। ডিসেম্বর ২০২৩ মাসে বিদ্যালয় সমূহ খোলা রেখে বিভিন্ন কার্যক্রম চলমান থাকবে। তাছাড়া জাতীয় শিক্ষাক্রম বিস্তরন কার্যক্রমের আওতায় ৫৭০ জন শিক্ষকের প্রশিক্ষন চলমান রয়েছে। ১০ম ব্যাচ পর্যন্ত প্রশিক্ষন প্রদান করা হয়েছে। প্রশিক্ষনের বাকী ব্যাচগুলোর ধারাবাহিকভাবে চলমান থাকবে। প্রাথমিক শিক্ষার মানউন্নয়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | নিয়মিত বিদ্যালয় পরিদর্শন বৃদ্ধি করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, করিমগঞ্জ |
| ১২. | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার সভায় জানান যে, প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে উপজেলা রিসোর্স সেন্টার(URC) নিরলসভাবে কাজ করে যাচ্ছে। শিক্ষাক্রম বিস্তরন প্রশিক্ষণ ১৯ তম ব্যাচ সম্পন্ন করা হয়েছে। মোট প্রশিক্ষানার্থীর মধ্যে ৫৭০ জনের প্রশিক্ষন সম্পন্ন হয়েছে বাকী ৩০০ জনের প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া বিদ্যালয় পরিদর্শন নিয়মিত চলছে এবং URC এর দাপ্তরিক অন্যান্য স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। | নিয়মিত বিদ্যালয় পরিদর্শন বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়। | ১। ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার, করিমগঞ্জ |
| ১৩. | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড(বিআরডিবি) অপ্রধান শস্য উৎপাদন বাজারজাত করণ কর্মসূচির আওতায় কালিপুর অপ্রধানশস্য উৎপাদন মহিলা দল ১৩ জন সদস্যের মাঝে ২,৫০,০০০/-(দুইলক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া বিআরডিবি অফিসের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলামান আছে। বিআরডিবি কার্যক্রম গতিশীল রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোড়ালো করণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, করিমগঞ্জ |
| ১৪. | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র কার্যালয়ের অক্টোবর-২০২৩ মাসের বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি নিম্নরূপঃ<br>১. অডিট বরাদ্দকৃত মোট সমিতির সংখ্যা- ১১৪টি। অডিটকৃত সমিতি ৫৩টি<br>২. মোট ধার্যকৃত অডিট ফি : ২১,৭৯০/-টাকা,আদায়:২১,৭৯০/-আদায় ১০০%<br>৩. মোট ধার্যকৃত ভ্যাট: ৩,২৫৭/-টাকা, মোট আদায়: ৩,২৫৭/-,আদায় ১০০%<br>৪.ধার্যকৃত সমবায় উন্নয়ন তহবিল: ৬,৫১১/-টাকা, আদায় ৬,৫১১/-টাকা ১০০%<br>৫. আশ্রয়ন প্রকল্পে বিতরণকৃত ঋন: ৮,০০,০০০/-টাকা, আদায়: ৫,৮০১২০/-টাকা, আদায়ের হার: ৭৩%। আশ্রয়ণ প্রকল্পে নিবন্ধিত সমিতির সংখ্যা ঃ ০২ টি।<br>৬. সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি(সিভিডিপি) সমিতির সংখ্যা: ৬০টি, কর্মীর সংখ্যা: ৫৯ জন, মোট প্রশিক্ষণ প্রাপ্ত সদস্য সংখ্যা ২২০ জন, কর্মসংস্থান : ৩৭০ জন।<br>এছাড়া সমবায় অফিসের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলামান আছে। | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোড়ালো করণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, করিমগঞ্জ |
| ১৫. | আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক করিমগঞ্জ শাখার ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম চলমান আছে। গত মাসে ১,৭৫,০০,০০০/- টাকা ঋণ আদায় হয়েছে এবং বিতরণ হয়েছে ১,৭৪,০০,০০০/-টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায়ের হার ৫৩% এবং খেলাপী ঋণের হার ৪৭%। উপজেলা পরিষদের আওতাধীন উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা পল্লী উন্নয়ন অফিস এবং উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর বাথরুমের সেফটি ট্রেংকি ওভারফ্লু হয়ে দুর্গন্ধ হচ্ছে তাতে অফিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ও সেবাগ্রহীতাগণ দুর্যোগ হচ্ছে। তাই জরুরী ভিত্তিতে পরিষ্কার করার লক্ষ্যে ২০,০০০/-টাকা ব্যয় বিল পাওয়া গিয়াছে। উক্ত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য ব্যয় অনুমোদন প্রয়োজন। পল্লী সঞ্চয় ব্যাংকের সকল কার্যক্রম সফল করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | সচ্ছতার সাথে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম জোড়দার করার জন্য অনুরোধ জানানো হয়। বাথরুমের সেফটি ট্রেংকি পরিষ্কার বাবদ ২০,০০০/- টাকা ব্যয় পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমন্বয়কারী পল্লী সঞ্চয় ব্যাংক করিমগঞ্জ |
| ১৬. | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, অত্র কার্যালয়ের অক্টোবর/২০২৩ মাসের বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি নিম্নরূপঃ<br>সদস্য ভর্তি ৩০জন, ক্ষুদ্র ঋণ বিতরণ ৩০,০০,০০০/-টাকা, প্রণোদনা ২য় পর্যায়ে বিতরণ ২০,০০,০০০/-টাকা, সেল্প ঋণ বিতরণ ১৫,০০,০০০/-টাকা, সঞ্চয় আদায় ৫০,০০০/-টাকা। সমিতির সদস্যদের নিয়ে ৪টি উঠান বৈঠক হয়েছে। এছাড়া দারিদ্র বিমোচন বিভাগ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলামান আছে। | এধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা করিমগঞ্জ। |

546

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে ভোট কেন্দ্রের আইন শৃঙ্খলা রক্ষায় ১১৭৬ জন আনসার ও ভিডিপি সদস্য মোতায়েন করা হবে। উক্ত সদস্যদের নির্বাচনী মালামাল খুব শীঘ্রই উপজেলা আনসার ও ভিডিপি অফিস, করিমগঞ্জে জেলা কার্যালয় হতে প্রেরণ করা হবে। নির্বাচনি মালামাল রাখার যে স্টোররুম রয়েছে তার দারজাটি ভাঙ্গা ও নরবরে। তাছাড়া উক্তরুমে অফিসের অনেক গুরুত্বপূর্ণ জিনিসপত্র রয়েছে। জরুরী ভিত্তিতে দরজাটি পরিবর্তন করা প্রয়োজন। অফিসের দরজা মেরামত ব্যয় বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া আনসার ও ভিডিপি অফিসের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলামান আছে। | উপজেলা প্রকৌশলী, করিমগঞ্জ সরেজমিন পরিদর্শন পূর্বক জরুরী ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাচন কর্মকর্তা, করিমগঞ্জ ২। উপজেলা প্রকৌশলী, করিমগঞ্জ। |
| ১৮. | পল্লী বিদ্যুৎ বিভাগ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। করিমগঞ্জ-১ এবং করিমগঞ্জ-২(নিয়ামতপুর) উপজেলার বার্ষিক রক্ষনাবেক্ষণ করার জন্য আগামী ১২/১২/২০২৩খ্রি. তারিখ সকাল ৮.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে। সম্প্রতি করিমগঞ্জ উপজেলার বিভিন্ন এলাকায় ট্রান্সফরমার চুরির প্রবনতা বৃদ্ধি পেয়েছে। ট্রান্সফরমার চুরি প্রতিরোধে উপজেলা প্রশাসনসহ স্থানীয় ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। তাছাড়া সকল কার্যক্রম স্বাভাবিক ও গতিশীল রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ট্রান্সফরমার চুরি প্রতিরোধে প্রতিটি এলাকায় নিরাপত্তা বৃদ্ধির জন্য কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, করিমগঞ্জকে অনুরোধ জানান। | ডিজিএম, কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি করিমগঞ্জ। |

৩। **ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের উন্মুক্ত আলোচনা ঃ**

চেয়ারম্যান, দেহুন্দা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, প্রাথমিক ও মাধ্যমিক সমাপনী পরীক্ষা বা শিক্ষা কার্যক্রম নিয়ে ১টি নীতিবাচক মন্তব্য করা হচ্ছে। তাতে শিক্ষার মান নিয়ে বিভিন্নভাবে ভাইরাল করা হচ্ছে। অভিভাবকদেরকে সচেতনতা বৃদ্ধির জন্য ১টি সমাবেশ করার জন্য অনুরোধ জানান। দেহুন্দা উচ্চ বিদ্যালয়ে নিয়োগ পরীক্ষা উক্ত স্কুলে অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও তা নিয়োগ কমিটির সুবিধার্থে পরীক্ষাটি কিশোরগঞ্জ অনুষ্ঠিত হয়। নিয়োগ কমিটি নিজেদের ইচ্ছামত তাদের মনোনীত লোক আর্থিক সুবিধা নিয়ে নিয়োগ কার্যক্রম শেষ করে। উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিজে মোবাইল ফোনের মাধ্যমে চাকুরি প্রার্থীর কাছে টাকা দাবি করে। যার রেকর্ড ভাইরাল হয়েছে। নিয়োগ পরিক্ষার অনিয়মের বিষয়ে সুষ্ঠু তদন্ত করে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

চেয়ারম্যান, জাফরাবাদ ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, জাফরাবাদ ইউনিয়নের ৪নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব মতিউর রহমান ও ৩নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব জুনায়েদ তূর্য্য ইউনিয়ন পরিষদ আইন অমান্য করে কোন নিয়মনীতির তোয়াক্কা না করে নিজেদের ব্যক্তিগত লাভের জন্য সকল উন্নয়নমূলক কাজে বাধা প্রদান করে। গরিব ও দুস্থদের মাঝে চাল ও টিসিবি পণ্য বিতরণে বাধা প্রদান করে। সকল প্রকল্প বাস্তবায়নে বাধা প্রদান করে যাচ্ছে। এদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

চেয়ারম্যান, গুনধর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, ভাটিগাংগাটিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের হাফ বিল্ডিং ভবনের ৩টি রুম ভেঙ্গে নতুন ভবন নির্মাণ করা হয়েছে। নতুন ভবনের কাজ দ্রুতসময়ে শেষ না করলে ভোট কক্ষ নির্মাণে সমস্যা হবে। কৃষকদের প্রনোদনার যে তালিকা করা হয় উক্ত তালিকায় ৭০০ জন কৃষককে প্রনোদনা দেওয়া হয়। ৭০০ জন কৃষকের মধ্যে ৩০০ জন কৃষকের তালিকা ইউনিয়ন পরিষদ হতে দেওয়া হয় বাকি ৪০০ জনের তালিকা কৃষি অফিস কর্তৃক প্রস্তুত করে। সকল তালিকায় ইউপি চেয়ারম্যানদের স্বাক্ষর করতে হয়। কৃষকদের প্রনোদনা নির্বাচনে ইউনিয়ন ভিত্তিক কোন কমিটি আছে কিনা তা জানা প্রয়োজন। তাছাড়া ৭০০ জনের মধ্যে ৩০০ জনের তালিকা চেয়ারম্যান কর্তৃক মনোনীত, বাকি কৃষক কৃষি অফিস কর্তৃক মনোনীত করায় ইউনিয়ন পরিষদ কোন কৃষকের তালিকা স্বাক্ষর করবেন না। বিষয়টি আজকের সভায় সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রস্তাব করেন। এ বিষয়ে উপজেলা কৃষি অফিসার, করিমগঞ্জ জানান যে, নীতিমালা মোতাবেক উপসহকারী কৃষি কর্মকর্তা কৃষকের তালিকা তৈরি করবেন। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের কোন তালিকা করার নির্দেশনা নেই।

চেয়ারম্যান, জয়কা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, উপজেলা মৎস্য অফিস হতে ২০ জন মৎস্য চাষীদেরকে ট্রেনিং দেওয়া হয়েছে। মৎস্য চাষীদের ট্রেনিং এর জন্য মনোনয়নের সময় ইউপি চেয়ারম্যানদেরকে অবহিত করার জন্য অনুরোধ জানান। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হতে ২০২১-২২ অর্থ বছরে নলকূপ সমূহের ট্রাংক ও পাকাকরন কাজ এখন পর্যন্ত শেষ করা হয়নি। দ্রুত সময়ে ট্রাংক ও পাকাকরন কাজ শেষ করার জন্য সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, করিমগঞ্জকে দৃষ্টি আকর্ষণ করেন।

চেয়ারম্যান কাদিরজঙ্গল ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, কাদিরজঙ্গল ইউনিয়নের ২নং ওয়ার্ডে কোন খুচরা সার ডিলার না থাকায় উক্ত ওয়ার্ডের কৃষকগণকে সার সংকটে পড়তে হয়। ইউনিয়ন পরিষদ হতে নতুন সার ডিলার নিয়োগের জন্য ইউনিয়ন পরিষদের সভায় অনুমোদনপূর্বক প্রস্তাব প্রেরণ করা হয়। জরুরী ভিত্তিতে খুচরা সার ডিলার নিয়োগের জন্য প্রস্তাব করেন।

চেয়ারম্যান নিয়ামতপুর ইউনিয়ন পরিযদ সভায় জানান যে, নিয়ামতপুর ইউনিয়নের উত্তর গনেষপুর রাস্তাটি ভেঙ্গে যাওয়ায় জনসাধারন চলাচলে ভোগান্তি সৃষ্টি হচ্ছে। জরুরী ভিত্তিতে উক্ত রাস্তাটি মেরামত ও সংস্কার করার প্রস্তাব করেন।

সিদ্ধান্ত ঃ ক) কৃষি অফিসের কৃষকদের প্রনোদনার কৃষকদের তালিকা ইউনিয়ন কমিটির সভায় অনুমোদনপূর্বক তা প্রস্তাবসহ উপজেলা কমিটির সভায় অনুমোদনপূর্বক বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) অতিবৃষ্টিতে ক্ষতিগ্রস্ত রাস্তা পরিদর্শন করে তালিকা প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ ১। উপজেলা নির্বাহী অফিসার, করিমগঞ্জ ২। উপজেলা প্রকৌশলী, করিমগঞ্জ ৩। উপজেলা কৃষি অফিসার, করিমগঞ্জ ৪। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, করিমগঞ্জ, কিশোরগঞ্জ

547

CamScanner

সভাপতি, উপজেলা পরিষদ মাসিক সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণ ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে গঠনমূলক বক্তব্য প্রদান করায় ধন্যবাদ জানান। উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণের জন্য উপজেলা পরিষদের চেয়ারম্যানের পদ হতে পদত্যাগ করায় নিম্নস্বাক্ষরকারী উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান-১ হিসেবে দায়িত্ব পালন করছেন এবং সবলের সহযোগিতা কামনা করছেন। উপজেলা পরিষদের মাসিক সভার সম্মানিত সদস্য/বিভাগীয় কর্মকর্তাগণকে সঠিক সময়ে উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ জানান। তাছাড়া শিক্ষার মান বৃদ্ধির জন্য মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ে নিয়মিত পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সবলকে অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হান্নান মোল্লা)
প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ
ও সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
ফোনঃ ০৯৪২৭-৫৬১৩৫
ই-মেইলঃ unokarimgonj@gmail.com

স্মারক নম্বর ঃ ০৫.১২.৪৮৪২.০০৭.০১.০০১.১৯-২২৮২ (৫০)

তারিখ ঃ ১৯/১২/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৩ তাড়াইল- করিমগঞ্জ নির্বাচনী এলাকা।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, সড়ক ও জনপথ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৫। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৬। উপ পরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
০৮। মেয়র, করিমগঞ্জ পৌরসভা, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
১০। উপজেলা ........................................................... কর্মকর্তা /প্রকৌশলী, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
১১। সহকারী প্রোগ্রামার, করিমগঞ্জ, কিশোরগঞ্জ। তাঁকে ওয়েব পোর্টাল, ই-মেইল ও ফেইসবুকে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
১২। চেয়ারম্যান, .........................................................(সকল), ইউনিয়ন পরিষদ, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
১৩। অফিস কপি।

(ফারহানা আলী)
উপজেলা নির্বাহী অফিসার
করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
ফোন ঃ ০২৯৯৭৭৬৪৮২২
ই-মেইলঃ unokarimganj@mopa.gov.bd



CamScanner